

পশ্চিমবঙ্গ পরিবহণ শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রকল্প ২০১০ (১.৪.২০১৭ পর্যন্ত পরিবর্তিত)

১. পরিবহণ শ্রমিক কারা ?

বাণিজ্যিক কারণে ব্যবহৃত যন্ত্রচালিত যানবাহন যথা বাস, ট্যাক্সি, লাক্সারি ট্যাক্সি, হালকা বাণিজ্যিক যানবাহন, ভ্যান, অটো রিক্সা, টেম্পো, লরি, ট্রাক প্রভৃতির সঙ্গে যুক্ত শ্রমিকগণ এই প্রকল্প অনুযায়ী পরিবহণ শ্রমিক।

২. পরিবহণ শ্রমিকের পরিবার বলতে কাদের বোঝায় ?

পরিবহণ শ্রমিকের উপর নির্ভরশীল পরিবার বলতে শ্রমিকের স্ত্রী/স্বামী, ২১ বছর বয়স পর্যন্ত পুত্র, অবিবাহিতা/বিধবা/বিবাহ বিচ্ছিন্না কন্যা, নির্ভরশীল পিতা-মাতা, মৃত পুত্রের বিধবা ও তার পুত্র কন্যাদের বোঝায়।

৩. এই প্রকল্পের সুবিধা কীভাবে পাওয়া যায় ?

এই প্রকল্পের সুবিধাগুলি পেতে হলে, এই প্রকল্পে নাম নথিভুক্তকরণ এবং নবীকরণ প্রয়োজন।

৪. নাম নথিভুক্তকরণ কীভাবে হয় ?

কলকাতার জন্য —

নাম নথিভুক্তকরণের জন্য ফর্ম নং-১ পূরণ করতে হবে। সঙ্গে দিতে হবে —

(ক) ত্রিশ টাকা রেজিস্ট্রেশন ফি ;

(খ) শ্রমিকের ৩ কপি সাম্প্রতিক ছবি এবং তাঁর উপর নির্ভরশীল ব্যক্তিদের ১ কপি করে ছবি ;

(গ) বয়সের প্রমাণপত্র (হাসপাতাল/নার্সিংহোম/পুরসভা/পঞ্চায়েত প্রদত্ত জন্মের প্রমাণপত্র (Birth Certificate)/বিদ্যালয় ত্যাগের শংসাপত্র/ভোটার আইডেন্টিটি কার্ড (EPIC)/রেশন কার্ড/ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি-এর Attested Xerox Copy;

(ঘ) ঠিকানার প্রমাণপত্র— ভোটার আইডেন্টিটি কার্ড (EPIC), ড্রাইভিং লাইসেন্স, রেশন কার্ড ইত্যাদি-এর Attested Xerox Copy;

বাকি সমস্ত জেলার ক্ষেত্রে অন-লাইন আবেদনপত্র জমা দিতে হবে। অন-লাইন আবেদন পদ্ধতি পুস্তিকার ২৭ নম্বর পাতায় বর্ণিত হয়েছে।

৫. সদস্যপদ নবীকরণ কীভাবে হয় ?

সদস্যপদ নথিভুক্তির এক বছর পরে, পরিবহণ শ্রমিককে ফর্ম-৩ পূরণ করে সদস্যপদ নবীকরণ করাতে হবে। নবীকরণ করার জন্য কোন ফি দিতে হবে না।

৬. আবেদনপত্র ও টাকা কোথায় জমা দিতে হয় ?

কলকাতার ক্ষেত্রে—

পঞ্চায়েত এলাকায় ব্লকে অবস্থিত শ্রমিক কল্যাণ সহায়তা কেন্দ্রে এবং পৌরসভা এলাকায়—শ্রমিক কল্যাণ সহায়তা কেন্দ্রে বা জেলা ও মহকুমা শহরে অবস্থিত উপ/সহ শ্রম কমিশনারের দপ্তরে।

৭. এই প্রকল্পে নথিভুক্ত শ্রমিকেরা কী কী সুবিধা পাবেন ?

ক। পেনশন : ন্যূনতম ৫ বছর একটানা সদস্য থাকলে ৬০ বছর বয়সের পর মাসিক ১৫০০ টাকা হারে পেনশন।

খ। পারিবারিক পেনশন : প্রাপ্ত পেনশনের ৫০% হারে।

গ। চিকিৎসা সংক্রান্ত সুযোগ সুবিধা : এই প্রকল্পে নথিভুক্ত কোন শ্রমিক বা তার উপর নির্ভরশীল সদস্য ক্যান্সার, কুষ্ঠ, হৃদরোগ, কিডনির অসুখ, এডস, থ্যালাসেমিয়া, সেরিব্রাল পালসি, ভেরিকোস ভেন বা চোখের অসুখে আক্রান্ত হন সেক্ষেত্রে বছরে —

অস্ত্রোপচারের জন্য সর্বাধিক ১,০০,০০০/- টাকা অবধি অনুদান সদস্যের নিজের ক্ষেত্রে এবং ১,৫০,০০০ টাকা পর্যন্ত নিজের ও পরিবারের নির্ভরশীল ব্যক্তিদের জন্য এছাড়াও অটো এবং ট্যাক্সি ড্রাইভারদের জন্য ক্যাশলেস মেডিক্যাল বেনিফিট ৩০,০০০ টাকা পর্যন্ত।

**পরিবহন এবং নির্মাণকর্মীদের ই-ডিস্ট্রিক্ট মিশন মোড প্রজেক্টের মাধ্যমে  
অন-লাইন নথিভুক্তিকরণ পদ্ধতি  
(edistrict.wb.gov.in)**

- ১) অসংগঠিত শ্রমিক নিকটবর্তী তথ্যমিত্র কেন্দ্র/কিয়স্ক/যেকোনও ইন্টারনেট যোগাযোগ সম্বলিত কম্পিউটার-এর মাধ্যমে আবেদন পত্র ও প্রয়োজনীয় নথি অন-লাইনে জমা করতে পারবেন।
- ২) যথাযথভাবে পূরণ করা আবেদন পত্র ও নথি জমা করার পর, অসংগঠিত শ্রমিক তার আবেদন পত্রের প্রাপ্তি স্বীকার পত্র সহ একটি “আবেদন শনাক্তকরণ সংখ্যা” বা অ্যাপলিকেশন আইডেন্টিফিকেশন নম্বর (এ.আই.এন) পাবেন।
- ৩) এই নম্বরের মাধ্যমে আবেদনকারী যেকোন সময় তার আবেদন পত্রের অবস্থান ও অবস্থা সম্পর্কে জানতে পারবেন।
- ৪) তাঁর জমা করা আবেদন পত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট পরিদর্শক/সহ শ্রম মহাধ্যক্ষ যখন যেরকম ব্যবস্থা গ্রহণ করবেন তখনই আবেদনকারী সেই মর্মে একটি সংক্ষিপ্ত বার্তা (SMS)/ই-মেইল বার্তা পাবেন।
- ৫) আবেদনকারীর আবেদন পত্র যথাযথভাবে বিবেচিত ও গৃহীত হলে আবেদনকারীকে সেই মতো জানানো হবে এবং তাঁকে নির্ধারিত ফি প্রদানের জন্য অনুরোধ করা হবে।
- ৬) ফি প্রদানের জন্য আবেদনকারী প্রাপ্তি স্বীকার পত্রে উল্লিখিত সংশ্লিষ্ট অফিসে গিয়ে ফি জমা করে একটি রসিদ গ্রহণ করবেন। একই সঙ্গে তাঁর মূল আবেদন পত্রটিও জমা করবেন।
- ৭) ফি জমা দেওয়ার রসিদটি স্ক্যান করে নিকটবর্তী তথ্যমিত্র কেন্দ্র/কিয়স্ক/যেকোনও ইন্টারনেট সম্বলিত কম্পিউটারের মাধ্যমে সিস্টেমে আপলোড করতে হবে।
- ৮) সিস্টেমে রসিদ-এর স্ক্যান কপিটি প্রাপ্তির পর সংশ্লিষ্ট পরিদর্শক, উক্ত আবেদন পত্র ডিজিটাল সিগনেচার সহ অনুমোদন করবেন। নথিভুক্তির শংসাপত্র ঐ সিস্টেমের মাধ্যমে তৈরী হয়ে যাবে এবং আবেদনকারীকে সঙ্গে সঙ্গে অবহিত করা হবে।
- ৯) আবেদনকারী যেকোনও তথ্যমিত্র কেন্দ্র/কিয়স্ক/যে ইন্টারনেট সম্বলিত কম্পিউটার থেকে নথিভুক্তির শংসাপত্রের প্রিন্ট নিতে পারবেন।



ফর্ম নং - ১

পশ্চিমবঙ্গ পরিবহণ শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রকল্পে নাম নথিভুক্তির আবেদনপত্র

প্রতি

নিবন্ধীকরণ আধিকারিক

পশ্চিমবঙ্গ পরিবহণ শ্রমিকদের

সামাজিক সুরক্ষা প্রকল্প

আবেদনকারীর  
সাম্প্রতিক স্ট্যাম্প  
সাইজ ছবি

মহাশয়,

আমি এতদ্বারা পশ্চিমবঙ্গ পরিবহণ শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রকল্পে নাম নিবন্ধীকরণের জন্য আবেদন করছি। সঙ্গে ৩০.০০ (ত্রিশ) টাকা জমা দিলাম।

- ১। নাম : .....
- ২। পিতা/স্বামীর নাম : .....
- ৩। স্ত্রী/পুরুষ : .....
- ৪। স্থায়ী ঠিকানা : .....
- ৫। বর্তমান ঠিকানা : .....
- ৬। পোস্ট অফিস (পিন) : .....
- ৭। জেলা : .....
- ৮। জাতি—সাধারণ/তফসিলি জাতি/তফসিলি উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেণী: .....
- ৯। ধর্ম : .....
- ১০। জন্ম তারিখ : .....
- ১১। (ক) কী ধরনের পরিবহণ শ্রমিক : স্বনিযুক্তি/মজুরী নিযুক্তি  
(খ) কী ধরনের গাড়ি : বাস/মিনিবাস/ট্রাক/অটো/ভ্যান/টেম্পো/ট্যাক্সি/লাঞ্জারিট্যাক্সি/অন্যান্য  
(গ) কাজের ধরন : ড্রাইভার/কনডাক্টর/হেল্পার/ক্লিনার/অন্যান্য
- ১২। নির্ভরশীল সদস্যদের বিবরণ

(সংযোজন পূরণ করুন)

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর/বাম বৃদ্ধাসুষ্ঠের ছাপ

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত জিনিসগুলি দেওয়া আবশ্যিক :

- ১। ৩ কপি ছবি (১ কপি দরখাস্তের ডানদিকে নির্ধারিত জায়গায় স্টেটে দিতে হবে) আর দুই কপি সঙ্গে দিতে হবে।
- ২। বয়সের প্রমাণপত্র : হাসপাতাল/নার্সিংহোম, পুরসভা, পঞ্চায়েত প্রদত্ত জন্মের প্রমাণপত্র (Birth Certificate), বিদ্যালয় ত্যাগের শংসাপত্র, ভোটার আইডেন্টিটি কার্ড/রেশন কার্ড/ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি।

#### শংসাপত্র

(সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি এলাকায় পঞ্চায়েত সমিতির সদস্য, সংশ্লিষ্ট পুরসভা/পুরনিগম এলাকায় পুরসভা/নিগমের কমিশনার/কাউন্সিলর/সংশ্লিষ্ট জেলার জেলা পরিষদের সদস্য/সংশ্লিষ্ট নিয়োগকর্তা/নিজস্ব এলাকার জনপ্রতিনিধি যথা এম.এল.এ. অথবা এম.পি./আবেদনকারী যে নিবন্ধীকৃত ট্রেড ইউনিয়নের সদস্য, সেই ট্রেড ইউনিয়নের সভাপতি/সম্পাদক অথবা পরিদর্শক বা তদুর্ধ্ব রাজ্য সরকারী আধিকারিক দ্বারা প্রদত্ত)

আমি আবেদনকারী/আবেদনকারিণী শ্রী/শ্রীমতী ..... কে চিনি এবং এতদ্বারা সংশিত করিতেছি যে, তাঁহার প্রদত্ত বিবৃতিগুলি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সর্বৈব সত্য।

স্বাক্ষর .....

নাম .....

তারিখ .....

সীলমোহর .....

#### সংযোজনী

##### পরিবারের নির্ভরশীল সদস্যদের বিস্তারিত বিবরণ

ক্রমিক সংখ্যা	নাম	আবেদনকারীর সঙ্গে সম্পর্ক	লিঙ্গ	বয়স

.....  
(আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর/বাম বৃদ্ধাসুষ্ঠের ছাপ)

#### মনোনীত ব্যক্তির বিবরণ

মনোনীত ব্যক্তির নাম	আবেদনকারীর সঙ্গে সম্পর্ক	বয়স	লিঙ্গ	ঠিকানা

.....  
(আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর/বাম বৃদ্ধাসুষ্ঠের ছাপ)